

শ্রীলংকা থেকে আগত যুব প্রতিনিধি সদস্যদের সাথে মার্কেটিং বিভাগের ছাত্র-ছাত্রীদের মতবিনিময় সভা



৭ অক্টোবর, ২০১৮-রবিবার সকাল ১১.৩০ মিনিটে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের কনফারেন্স রুমে শ্রীলংকা থেকে আগত যুব প্রতিনিধি সদস্যদের সাথে মার্কেটিং বিভাগের ছাত্র-ছাত্রীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বেসরকারী আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা HOPE' 87 এর উদ্যোগে মার্কেটিং বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে “ বাংলাদেশ শ্রীলংকা যুব বিনিময়” কার্যক্রমের অধীনে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মার্কেটিং বিভাগের সিনিয়র শিক্ষকবৃন্দ, বেসরকারী সংস্থা HOPE' 87 এর কর্মকর্তা এবং প্রতিনিধি ছাত্রবৃন্দ বক্তব্য প্রদান করেন। মতবিনিময় সভা শেষে যুব প্রতিনিধি সদস্যবৃন্দ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো: সেলিম ভূঁইয়ার সাথে সৌজন্য সাক্ষাত করেন।